

সিভিল অডিট অধিদপ্তর  
অডিট কমপ্লেক্স (২য় তলা)  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
www.dgcivil-cagbd.org



নং-৮২.১১.০০০০.০১১.১৬.০২৪.২২

তারিখঃ ০২/০৮/২০২২ খ্রিঃ

বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছরের আর্থিক বিবরণী (Financial Statement) প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। প্রতি বছরের ন্যায় সিভিল অডিট অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের নিরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য বার্ষিক অডিট প্ল্যান বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয় কর্তৃক অনুমোদিত হয়েছে।

অনুমোদিত বার্ষিক অডিট প্ল্যান অনুসারে ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (FRC) এর ২০২১-২০২২ অর্থবছরের আর্থিক বিবরণীর উপরে আর্থিক নিরীক্ষা সম্পন্ন হওয়ার উদ্দেশ্যে সিভিল অডিট অধিদপ্তর কর্তৃক ইতোমধ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নিরীক্ষা ও প্রত্যয়নের উদ্দেশ্যে অডিট পরিকল্পনা ও অডিট প্রোগ্রাম প্রণয়নের জন্য আর্থিক বিবরণী (Financial Statement) প্রয়োজন।

এমতাবস্থায়, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (FRC) এর ২০২১-২০২২ অর্থবছরের আর্থিক বিবরণী (Financial Statement) নির্ধারিত মানদণ্ড অনুসারে প্রণয়নপূর্বক ৩১শে আগস্ট ২০২২ খ্রিঃ এর মধ্যে অত্র কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(স্বাক্ষর)

(মোঃ আবুল হাশিম)

উপ-পরিচালক

ফোনঃ ০২২২৬৬৬৩২৬২

mahashim64@gmail.com

চেয়ারম্যান

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফ আর সি)

পয়টন ভবন, প্লটঃ ই/সি১ (৯ম তলা)

পশ্চিম আগারগাঁও, শের-ই-বাংলা নগর, প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

নং-৮২.১১.০০০০.০১১.১৬.০২৪.২২ -২৮৪৯

তারিখঃ ০২/০৮/২০২২ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।

[দৃষ্টি আকর্ষণঃ ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এএন্ডআর)]

০২। পিএ টু মহাপরিচালক/পরিচালক।

০৩। সেক্সিয়াল ইস্যু কপি।

০৪। গার্ড ফাইল।

০৫। অফিস কপি।

(স্বাক্ষর)

(মোঃ আবুল হাশিম)

উপ-পরিচালক

আর্থিক নিরীক্ষা শাখা।